



রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

রাজশাহী-৬২০৪।

টেলিফোন নম্বরঃ (০৭২১)-৭৫০৭৯৮

ভর্তি বিজ্ঞপ্তি

শিক্ষাবর্ষ : ২০০৫-২০০৬

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০০৫- ২০০৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ বি.এস-সি ইঞ্জিনিয়ারিং কোর্সে পুরকৌশল(CE), তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল(EEE), যন্ত্রকৌশল(ME), কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং(CSE), ইলেকট্রনিক্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং(ETE) এবং ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রডাকশন ইঞ্জিনিয়ারিং(IPE) বিভাগসমূহে ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। যে সকল ছাত্র-ছাত্রী ২০০৪ ও ২০০৫ সালে উচ্চ মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষায় পাশ করেছে তারা অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করতে পারবে।

১। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা :

- প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হতে হবে।
- প্রার্থীকে মাধ্যমিক অথবা সমমানের পরীক্ষায় কমপক্ষে জিপিএ ৩.৫০ অথবা ৬০% নম্বর পেয়ে পাশ হতে হবে।
- প্রার্থীকে উচ্চ মাধ্যমিক অথবা সমমানের পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা ও রসায়ন-এ তিন বিষয়ে গড়ে কমপক্ষে জিপিএ ৪.০০ এবং পৃথকভাবে প্রতিটিতে কমপক্ষে গ্রেড পয়েন্ট ৩.০০ পেয়ে পাশ হতে হবে।
- প্রার্থী GCE 'O' লেভেল এবং 'A' লেভেল পাশ করে থাকলে তার ক্ষেত্রে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য GCE 'O' লেভেল পরীক্ষায় কমপক্ষে পাঁচটি পেপারে পাশ হতে হবে এবং GCE 'A' লেভেল পরীক্ষায় পদার্থবিদ্যা, রসায়ন, গণিতে গড়ে B গ্রেড পেয়ে পাশ হতে হবে।

২। আসন সংখ্যা :

চট্টগ্রাম বিভাগের পার্বত্য জেলাসমূহ ও অন্যান্য এলাকার উপজাতীয় প্রার্থীদের জন্য ৪টি এবং বান্দরবান জেলার প্রার্থীদের জন্য ১টি সংরক্ষিত আসনসহ সর্বমোট ৪৮৫ (চারশত পাঁচাশি)টি আসন সংখ্যার বন্টন নিম্নরূপ হবে :

CE	EEE	ME	CSE	ETE	IPE	সংরক্ষিত	মোট
১২০	১২০	১২০	৬০	৩০	৩০	৫	৪৮৫

৩। আবেদনপত্র জমাদানের নিয়ম :

সকল কর্মদিবসে ব্যাংক চলাকালীন সময়ে নীচের ঠিকানায় অফেরতযোগ্য ৪০০/- (চারশত) টাকা প্রদান করে সরাসরি আবেদনপত্র ও ভর্তির নিয়মাবলী সংগ্রহ করা যাবে অথবা ৪০০/- (চারশত) টাকার ব্যাংক ড্রাফটসহ ১৫/- (পনেরো) টাকার ডাকটিকিট সম্বলিত প্রার্থীর ঠিকানায়ুক্ত ২৫ সে.মি. X ১৪ সে.মি. (আনুমানিক) আকারের একটি খাম পাঠিয়ে ডাকযোগে আবেদনপত্র ও ভর্তির নিয়মাবলী সংগ্রহ করা যাবে।

ফরম প্রাপ্তি ও জমা দেয়ার ঠিকানা	ড্রাফট করার পদ্ধতি
রেজিস্ট্রার রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় রাজশাহী-৬২০৪।	“সভাপতি, ভর্তি কমিটি, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়” এর অনুকূলে শুধুমাত্র রূপালী ব্যাংক লিমিটেড, রুয়েট শাখা, রাজশাহী -এর উপর প্রদত্ত (অন্য কোন ব্যাংকের ড্রাফট গ্রহণযোগ্য নহে)।

৪। ভর্তি পরীক্ষার নিয়ম :

- নির্দিষ্ট সময়ের মধ্যে প্রাপ্ত সকল বৈধ আবেদনপত্রের মধ্য থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা ও রসায়ন -এ তিন বিষয়ে পাওয়া মোট গ্রেড পয়েন্টের ভিত্তিতে একটি মেধা তালিকা তৈরী করা হবে। এ তালিকা থেকে প্রথম ৩,৫০০ (তিন হাজার পাঁচশত) জন প্রার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। তবে ৩,৫০০তম প্রার্থীর সমান উপরোক্ত ৩ (তিন)টি বিষয়ে মোট গ্রেড পয়েন্ট প্রাপ্ত সকল প্রার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।
- ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য প্রার্থীদের পূর্ণ তালিকা বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ডে দেয়া হবে এবং প্রার্থীদের তা নিজ দায়িত্বে জেনে নিতে হবে।
- ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রস্তুতকৃত মেধা তালিকা থেকে প্রথম ৪৮০ (চারশত আশি) ও উপজাতীয় প্রার্থীদের সংরক্ষিত আসনে ভর্তির জন্য সুযোগপ্রাপ্ত ৫ (পাঁচ) জনকে মনোনীত চিকিৎসক দ্বারা স্বাস্থ্য পরীক্ষা সাপেক্ষে বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য নির্বাচিত করা হবে।

৫। আবেদনপত্র গ্রহণ, ভর্তি পরীক্ষা ইত্যাদির তারিখ ও সময়সূচী :

ক) ভর্তির আবেদনপত্র বিতরণ শুরু	১৪ই নভেম্বর, ২০০৫ ইং সোমবার
খ) ভর্তির আবেদনপত্র জমা দেয়ার শেষ সময়	৭ই ডিসেম্বর, ২০০৫ ইং বুধবার বিকাল ৫.০০ ঘটিকা
গ) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশ	১২ই ডিসেম্বর, ২০০৫ ইং সোমবার
ঘ) ভর্তি পরীক্ষার তারিখ ও সময়	১৭ই ডিসেম্বর, ২০০৫ ইং শনিবার সকাল ৯.০০-১২.৩০ ঘটিকা
ঙ) ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের নামের তালিকা প্রকাশ	২৯শে ডিসেম্বর, ২০০৫ ইং বৃহস্পতিবার

৬। ভর্তি সংক্রান্ত বিষয়ে অতিরিক্ত তথ্যের জন্য রেজিস্ট্রার, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় -এর দপ্তরে যোগাযোগ করা যেতে পারে।

ওয়েবসাইট : www.ruet.ac.bd

রেজিস্ট্রার
২৬/১১/০৫

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়